

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
গণযোগাযোগ অধিদপ্তর
জেলা তথ্য অফিস, খুলনা
www.infokhulna.gov.bd

স্মারক নম্বর: ১৫.৫৬.৪৭০০.০০০.০৭৩.১৬.০০০২.২৫.৬৬

তারিখ: ১২ ভাদ্র ১৪৩৩
২৭ আগস্ট ২০২৬

বিষয়: আগস্ট-২০২৬ মাসের দ্বিতীয় পক্ষের জনমত প্রতিবেদন প্রেরণ।

বিদ্যুৎ পরিস্থিতি: খুলনা অঞ্চলে বিদ্যুৎ সরবরাহ ব্যবস্থা বর্তমানে বেশ সুসংহত ও নিরবচ্ছিন্ন রূপ নিয়েছে, যা স্থানীয় আবাসিক ও শিল্প গ্রাহকদের মধ্যে স্বস্তি নিশ্চিত করেছে। পাওয়ার গ্রিড ও পাওয়ার ডিস্ট্রিবিউশন কোম্পানিগুলোর আধুনিকায়ন, সমন্বয়যোগ্য রক্ষণাবেক্ষণ এবং স্মার্ট গ্রিড পি-পেইড মিটারিং চালুর ফলে সিস্টেম লস ও আকস্মিক লোডশেডিংয়ের পরিমাণ লক্ষণীয়ভাবে হ্রাস পেয়েছে।

স্থানীয় বিষয়: খুলনা সিটিকর্পোরেশন এলাকায় ডেঙ্গুর প্রকোপ উদ্বেগজনক হারে বৃদ্ধি পেয়েছে। ডেঙ্গু বিষয়ে জনসাধারণকে সচেতন করতে বিভাগীয় জেলা তথ্য অফিস তার প্রচার কার্যক্রম জোরদার করেছে। খুলনা সিটিকর্পোরেশন, জেলা প্রশাসন, খুলনা সিভিল সার্জন অফিস এ প্রকোপ মোকাবেলায় নিজেদের মধ্যে সমন্বয় করে কাজ করে যাচ্ছে। সরকারি হাসপাতালগুলো ডেঙ্গুর প্রকোপ মোকাবেলায় আলাদা ডেঙ্গু ইউনিট খুলেছে।

পরিবেশ: খুলনা সিটি কর্পোরেশন (কেসিসি) এলাকার বর্তমানে উন্নত ড্রেনেজ ব্যবস্থার কারণে শহরে খুব বেশি সময় বৃষ্টির পানি জমে থাকেনা। খুলনা সিটিকর্পোরেশন তার পরিষ্কার পরিচ্ছন্নতা অভিযান অব্যাহত রেখেছে। তারপরও ব্যক্তি সচেতনতার অভাবে ডেঙ্গু পরিস্থিতি নিয়ন্ত্রণে আসছে না। জেলার অন্যান্য উপজেলা থেকেও প্রচুর ডেঙ্গু রোগী শহরের হাসপাতালগুলোতে ভর্তি হচ্ছে।

আইন শৃঙ্খলা: খুলনা মেট্রোপলিটন পুলিশ ও জেলা প্রশাসনের নিয়মিত যৌথ টহল, প্রযুক্তিনির্ভর গোয়েন্দা নজরদারি এবং মাদক ও কিশোর গ্যাং বিরোধী বিশেষ অভিযানের ফলে খুলনায় আইনশৃঙ্খলা পরিস্থিতি সুসংহত ও ইতিবাচক ধারায় রয়েছে। কোনো ধরনের পক্ষপাতিত্ব ছাড়া অপরাধ দমনে জিরো টলারেন্স নীতি গ্রহণ, প্রধান সড়কগুলোতে ইজি বাইক চালকদের প্রশিক্ষণের মাধ্যমে ট্রাফিক শৃঙ্খলা ফিরিয়ে আনা এবং কমিউনিটি পুলিশিংয়ের মাধ্যমে জনগণের সাথে সম্পৃক্ততা বৃদ্ধি পাওয়ায় নগরজুড়ে সাধারণ মানুষের মধ্যে সার্বিক নিরাপত্তা ও স্বস্তি বৃদ্ধি পেয়েছে।

দ্রব্যমূল্য: খুলনার বড়বাজার, গল্লামারী ও নিউ মার্কেটসহ প্রধান পাইকারি ও খুচরা বাজারে চাল, আলু, পেঁয়াজ ও রসুনের পর্যাপ্ত সরবরাহ থাকায় নিত্যপ্রয়োজনীয় পণ্যের বাজার পরিস্থিতি সামগ্রিকভাবে স্থিতিশীল ও স্বস্তিদায়ক রয়েছে। জেলা প্রশাসন ও সিটি কর্পোরেশনের নিয়মিত মনিটরিং, নির্ধারিত মূল্য তালিকা প্রদর্শন এবং টিসিবি এর সশস্ত্রী মূল্যে পণ্য বিক্রির ফলে অসাধু সুযোগ নেওয়ার সুযোগ কমে এসেছে। একই সাথে পার্শ্ববর্তী কৃষি এলাকাগুলো থেকে সতেজ শাকসবজি ও স্থানীয় খামারের মাছ-মাংসের অবাধ সরবরাহ সাধারণ ক্রেতাদের ক্রয়ক্ষমতার মধ্যে সশস্ত্রী বিকল্প নিশ্চিত করে বাজার ব্যবস্থাপনায় একটি আশাব্যঞ্জক ও ইতিবাচক পরিবেশ বজায় রেখেছে।

নৈতিক অবক্ষয়: নৈতিক অবক্ষয় রোধকল্পে জেলা প্রশাসন, জেলা তথ্য অফিসের প্রচার ও প্রচারণা অব্যাহত রয়েছে। আইন শৃঙ্খলা বাহিনী সচেষ্ট রয়েছে।

অপপ্রচার: অপপ্রচাররোধে বিশেষকরে গুজব প্রতিরোধে জেলা পুলিশের বিশেষ কার্যক্রম চলমান। কেউ যাতে অপপ্রচার চালাতে না পারে সেইজন্য সার্বক্ষণিক মনিটরিং ব্যবস্থা ও সাইবার নিরাপত্তা কার্যক্রম খুলনায় চলমান আছে। “হেল্প লাইন” দেওয়া নাশ্বরে কল করার জন্য বলা আছে।

২৭-০৮-২০২৬

গাজী জাকির হোসেন
পরিচালক

ফোন : ০২৪৭৭৭২১৮৪২

ফ্যাক্স : ০২৪৭৭৭২১৮৪২

ইমেইল : ddinfokhulna@gmail.com

মহাপরিচালক (চলতি দায়িত্ব)

মহাপরিচালক-এর দপ্তর, গণযোগাযোগ অধিদপ্তর।

